

তুমি এবার আমায় লহো হে নাথ, লহো ।
এবার তুমি ফিরো না হে—
হৃদয় কেড়ে নিয়ে রহো ।
যে দিন গেছে তোমা বিনা তারে আর ফিরে চাহি না,
যাক সে ধুলাতে ।
এখন তোমার আলোয় জীবন মেলে যেন জাগি অহরহ ॥
কী আবেশে কিসের কথায় ফিরেছি হে যথায় তথায়
পথে প্রান্তরে,
এবার বুকের কাছে ও মুখ রেখে তোমার আপন বাণী কহো ॥
কত কলুষ কত ফাঁকি এখনো যে আছে বাকি
মনের গোপনে,
আমায় তার লাগি আর ফিরায়ো না,
তারে আগুন দিয়ে দহো ।

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul Sur
Visit www.geetabitan.com for notation and other detail